দৈনিক ইত্তেফাক

তারিখ 19 OCT 1992

পৃঃ ১ কলাম ৪

47

## চট্টগ্রাম ভার্সিটির বিকম (পাস) পরীক্ষার ফল প্রকাশিত

চট্টগ্রাম অফিস ॥ গতকাল (রবিবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বি,কম (পাস) পরীক্ষার ফল প্রকাশ করা হয়। গত ফেব্রুয়ারী-মার্চ মাসে অনুষ্ঠিত উক্ত পরীক্ষায় ৪

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটি

(১ম পৃঃ পর)

হাজার ৮ শত ৫৪ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। তন্মধ্যে ১ হাজার ৭ শত ৫৫ জন পরীক্ষায় উত্তীর্ণ হয়। পাশের হার ৩৬ দশমিক ১ ভাগ। বি,কম (পাস) পরীক্ষায় ১ শত ৯৪ জন দ্বিতীয় বিভাগে এবং ১ হাজার ৫ শত ৬১ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। কেহ প্রথম বিভাগ পায় নাই। ১ শত ৮৮ জন বহিরাগত পরীক্ষার্থীদের মধ্যে মোট ৪০ জন উত্তীর্ণ হয়। বহিরাগতদের পাসের হার ২১ দশমিক ২ ভাগ। বহিরাগতদের ৪০ জনের মধ্যে ৩ জন দ্বিতীয় বিভাগে এবং ৩৭ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। সম্পূরক ১ শত ৮৫ জনের মধ্যে ১ শত ৫২ জন উত্তীর্ণ হয়। পাসের হার ৮২ দশমিক ২ ভাগ। অপরদিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ ৮৯টি কলেজের মধ্যে ১০টি কলেজের কোন পরক্ষার্থীই উত্তীর্ণ হইতে পারে নাই।